# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 26.05.2024** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) পূর্ব-মধ্য বঙ্গোপোসাগরের ওপর সৃষ্ট অতি গভীর নিম্নচাপ শক্তি বাড়িয়ে প্রবল ঘূর্ণিঝড় রেমালের রূপ নিয়েছে।

এর জেরে দুই ২৪ পরগণা, পূর্ব মেদিনীপুর, কলকাতা, হাওড়া এবং হুগলী জেলায় আজ ভারি থেকে অতিভারি বৃষ্টির সম্ভাবনা।

বিমনাবন্দর কর্তৃপক্ষ আজ বেলা ১২ টা থেকে আগামীকাল সকাল ৯ টা পর্যন্ত সমস্ত রকম উড়ান চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

আজ ও আগামীকাল পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন মোট ৪৮ টি ইএমইউ লোকাল বাতিল করেছে।

২) দু-একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া রাজ্যে ষষ্ঠ দফার ভোট পর্ব ছিল মোটের ওপর শান্তিপূর্ণ। ৮ টি আসনে গতকাল গড়ে ভোট পড়েছে ৮০ শতাংশের বেশি।

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল হাড়োয়ার জনসভায় দাবি করেন, ষষ্ঠ দফার নির্বাচনে নন্দীগ্রাম ও খেজুরিতে বিজেপি গুন্ডামি করেছে।

৩) রানিগঞ্জের কুনুস্তোরিয়ার কোলিয়ারি এলাকায় কুয়ো কাটতে নেমে বিষাক্ত গ্যাসে দুই শ্রমিকের মৃত্যু হয়েছে।

৪) চেন্নাইয়ের এম এ চিদাম্বরম স্টেডিয়ামে আজ আইপিএল এর ফাইনালে কলকাতা নাইট রাইডার্স এবং সানরাইজার্স হায়দ্রাবাদ মুখোমুখি হবে।

---

পূর্ব-মধ্য বঙ্গোপোসাগরের ওপর সৃষ্ট অতি গভীর নিম্নচাপ শক্তি বাড়িয়ে প্রবল ঘূর্ণিঝড় **রেমালের** রূপ নিয়েছে। গতকাল রাত আড়াইটে নাগাদ বাংলাদেশের খেপুপাড়ার ৩০০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণ-পশ্চিমে, ক্যানিং থেকে ৩২০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণ পূর্বে এবং দীঘার ৪১০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণ পূর্বে অবস্থান করছিল।

সাগরদ্বীপ থেকে ২৯০ কিলোমিটার দক্ষিণ-দক্ষিণ-পূর্বে অবস্থানরত রেমাল গত ৬ ঘন্টা ধরে এগিয়েছে ঘণ্টায় ৬ কিলোমিটার গতিতে।

এই ঝড় আরও শক্তি সঞ্চয় করে আরও উত্তর দিকে অগ্রসর হয়ে অতি প্রবল ঘূর্ণিঝড়ের রূপ নেবে। আজ রাত সাড়ে ১১ টা নাগাদ সাগরদ্বীপ ও খেপুপাড়ার মাঝামাঝি, বাংলাদেশের মোঙ্গলার দক্ষিণ-পশ্চিম দিয়ে, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ উপকূল অতিক্রম করবে রেমাল। ঝড়ের গতি ঘণ্টায় ১১০ থেকে ১২০ এবং সর্বোচ্চ ১৩৫ কিলোমিটার হতে পারে। সেই সঙ্গে এক মিটার পর্যন্ত জলোচ্ছ্বাসের সতর্কতাও জারি করা হয়েছে।

এর ফলে আজ থেকে ২৮ শে মে পর্যন্ত দক্ষিণবঙ্গের সবকটি জেলায় বৃষ্টি হবে।

দুই ২৪ পরগণা, পূর্ব মেদিনীপুর, কলকাতা, হাওড়া এবং হুগলী জেলায় আজ ভারি থেকে অতিভারি বৃষ্টির সম্ভাবনা। দুই ২৪ পরগণা এবং পূর্ব মেদিনীপুরের বৃষ্টির পরিমাণ ২০ সেন্টিমিটার বৃষ্টির লাল সতর্কতা জারি করা হয়েছে। পশ্চিম মেদিনীপুর, নদীয়া এবং

পূর্ব বর্ধমানে ৭ থেকে ২০ সেন্টিমিটার বৃষ্টির কমলা সতর্কতা এবং বাকি জেলাগুলিতে প্রবল বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

আগামীকাল নদীয়া এবং মুর্শিদাবাদ জেলার বেশিকছু এলাকায় অতিপ্রবল বৃষ্টির লাল সতর্কতা জারি রয়েছে। এর সঙ্গে হাওয়ার গতিবেগ হতে পারে ঘন্টায় ৮০ কিলোমিটার প্রতি ঘন্টায়।

বীরভূম, পূর্ব বর্ধমান, হুগলী, উত্তর ও দক্ষিণ পরগণা, হাওড়া এবং কলকাতায় ভারি থেকে অতি ভারি বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। বাকি জেলাগুলিতে ভারি বৃষ্টির পূর্বাভাস।

২৮ তারিখ মঙ্গলবার ভারী থেকে অতি ভারী বৃষ্টির লাল সতর্কতা থাকবে কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায়। দার্জিলিং, কালিম্পং ও দুই দিনাজপুরে জারি থাকছে কমলা সতর্কতা।

এদিকে এই ঝড়ের প্রভাবে সমুদ্র উত্তাল থাকবে। রেমাল স্থলভাগে আছড়ে পড়ার সময় বাংলাদেশ এবং পশ্চিমবঙ্গের উপকূলীয় এলাকায় এক মিটার পর্যন্ত জলোচ্ছ্বাসের সম্ভাবনা। আগামীকাল পর্যন্ত মৎস্যজীবীদের সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

সাম্প্রতিক অতীতে বঙ্গোপসাগরের আয়লা, বুলবুল, আমফান বা ইয়াসের অভিজ্ঞতা থেকে উপকূলবাসীদের অনেকের মধ্যেই আসন্ন ঘূর্ণিঝড়ের প্রভাব সম্পর্কে আশঙ্কা তৈরি হলেও আলিপুর আবহাওয়া দপ্তরের তরফে জানানো হয়েছে, উপকূলে ঝড়ের গতিবেগ ঘন্টায় ১২০ বা তার বেশি থাকলেও তা কখনোই আমফানের মতো বিধ্বংসী চেহারা নেবে না। আলিপুর আবহাওয়া দপ্তরের এরিয়া সাইক্লোন ওয়ার্নিং সেন্টারের প্রধান

হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে বলেন, কাঁচা বাড়িগুলি ক্ষতিগ্রস্ত হবার সম্ভাবনা বেশি।

(বাইট হাবিবুর রহমান)

ইতোমধ্যেই দক্ষিণ ২৪ পরগণা জেলা জুড়ে শুরু হয়েছে ঝড়বৃষ্টি। আমাদের জেলা সংবাদদাতা জানাচ্ছেন,

ভয়েসকাস্ট

কলকাতার বিভিন্ন অঞ্চলেও শুরু হয়েছে ঝিরঝিরে বৃষ্টি।

------------------------

আসন্ন ঘূর্ণিঝড় রেমালের প্রেক্ষিতে পশ্চিমবঙ্গের উপকূলীয় অঞ্চল একং কলকাতায় তার প্রভাবের কথা বিবেচনা করে বিমনাবন্দর কর্তৃপক্ষ আজ বেলা ১২ টা থেকে আগামীকাল সকাল ৯ টা পর্যন্ত সমস্ত রকম উড়ান চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। সব মিলিয়ে মোট ৩৯৪ টি বিমানের অবতরণ ও উড়ান বন্ধ রাখা হচ্ছে। এরমধ্যে দেশীয় উড়ানের সংখ্যা ২৪০ এবং আন্তর্জাতিক উড়ানের সংখ্যা ৫৪।

------------------------

ঘূর্ণিঝড় রেমাল এর সতর্কতা হিসাবে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আজ ও আগামীকাল মোট ৪৮ টি EMU লোকাল বাতিল করেছে। এছাড়া আগামীকাল ৫ টি EMU লোকাল এর সময় সূচি পরিবর্তন করা হচ্ছে। উদ্ভূত পরিস্থিতিতে আরোও কিছু ট্রেনের সময় সুচির পরিবর্তন হতেপারে বলে পূর্ব রেল সূত্রের খবর।

------------------------

দু-একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া রাজ্যে ষষ্ঠ দফার ভোট পর্ব ছিল মোটের ওপর শান্তিপূর্ণ। ৮ টি আসনে গতকাল গড়ে ভোট পড়েছে ৮০ শতাংশের বেশি। সবচেয়ে বেশি প্রায় ৮৪ শতাংশ ভোট পড়েছে বিষ্ণুপুর লোকসভা কেন্দ্রে। তমলুকে – ৮১ দশমিক ৪/৭, ঝাড়গ্রামে ৮১ দশমিক ৫/৩, ঘাটালে ৮০ দশমিক ৭/৩, মেদিনীপুরে ৮০ দশমিক ১/৬, বাঁকুড়ায় ৭৯ দশমিক ০/৩, কাঁথিতে ৭৭ দশমিক ৭/৫ এবং পুরুলিয়ায় প্রায় ৭৬ শতাংশ ভোট পড়ার খবর পাওয়া গেছে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব জানিয়েছেন, গতকাল বিভিন্ন ঘটনায় ৩১৮ জনকে গ্রেফতার করা হয়।

তমলুকের তৃণমূল কংগ্রেস প্রার্থী দেবাংশু ভট্টাচার্য বুথের ভেতরের ওয়েবকাস্টিং-এর ভিডিও ফুটেজ কিভাবে হাতে পেলেন, তার তদন্ত করা হবে বলে জানিয়েছেন মুখ্য নির্বাচনী আধিকারিক।

(বাইট - আরিজ আফতাব)

উল্লেখ্য, নন্দীগ্রামের একটি বুথের ছবি দেখিয়ে ছাপ্পা ভোট চলার যে অভিযোগ করেছিলেন দেবাংশু, তা ঠিক নয় বলে জানিয়ে দেয় মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর।

গড়বেতায় বিজেপি কর্মী সমর্থকদের শাসক দলের লোকজন ভয় দেখাচ্ছে বলে অভিযোগ পেয়ে ঝাড়গ্রামের বিজেপি প্রার্থী প্রণত টুডু গতকাল সেখানে গেলে গ্রামবাসীরা বিক্ষোভ শুরু হয়। চলে ইট বৃষ্টি। ইটের আঘাতে মাথা ফাটে প্রার্থীর এক নিরাপত্তা কর্মীর। পরিস্থিতি সম্পর্কে নির্বাচন কমিশন অ্যাকশন টেকেন রিপোর্ট তলব করে।

এদিকে, গতসন্ধ্যায় ভোট পর্ব মিটে গেলে গড়বেতা গ্রামীণ হাসাপাতালে চিকিৎসা করিয়ে প্রণত টুডু বেরিয়ে যাওয়ার পরই সেখানকার বিধায়ক উত্তরা সিংহ হাজরা

হাসাপাতালে পৌঁছন। পুলিশের উপস্থিতিতে সেখানে দাঁড়িয়ে থাকা বিজেপি কর্মীদের উদ্দেশে তিনি অভব্য আচরণ করেন বলে অভিযোগ।

এদিকে, গতকালের ভোটপর্বে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলেছে বিজেপি। দলের মুখপাত্র রাজ্য সভার সাংসদ শমীক ভট্টাচার্যের অভিযোগ, তৃণমূল কংগ্রেসের হয়ে কাজ করেছে আরিজ আফতাবের দপ্তর।

সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিমের অভিযোগ, ভোটে কেন্দ্রের এবং রাজ্যের শাসক দল যার যেখানে ক্ষমতা বেশি, সে সেখানে জোরজুলুম করেছে।

-----------------------

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল হাড়োয়ার জনসভায় দাবি করেন, ষষ্ঠ দফার নির্বাচনে নন্দীগ্রাম ও খেজুরিতে বিজেপি গুন্ডামি করেছে। বাংলাই বিজেপিকে হারাবে এবং ইন্ডিয়া জোটকে কেন্দ্রে ক্ষমতায় নিয়ে আসবে বলে তৃণমূল নেত্রী প্রত্য ব্যক্ত করেন। মহিষাদলে দলীয় কর্মী খুনের বদলা রাজনৈতিকভাবে নেওয়া হবে বলেও জানান তিনি।

এদিকে, গতকাল মিনাখাঁর বিধায়ক উষারানী মন্ডল জনসভায় যোগ না দেওয়ায়, দল তার সঙ্গে কোনো সম্পর্ক রাখবেনা এবং ক্ষমা না চাওয়া পর্যন্ত দলে তার কোনো স্থান নেই বলে মুখ্যমন্ত্রী স্পষ্ট জানান।

এরপর মুখ্যমন্ত্রী রাজারহাট গোপালপুরে দলীয় প্রার্থী সৌগত রায়ের সমর্থনে জনসভায় বলেন, দেশ স্বাধীন হয়েও মোদী সরকারের আমলে সকলেই পরাধীন। কেন্দ্রের সরকার সকলকে জেলে ভরতেই ব্যস্ত।

(বাইট – মমতা)

------------------------

পশ্চিম বর্ধমানের রানীগঞ্জের তিন নম্বর কুনুস্তোরিয়া কোলিয়ারী এলাকায় কুয়ো কাটতে নেমে বিষাক্ত গ্যাসে দুই শ্রমিকের মৃত্যু হয়েছে। বছর ২৫ এর রতন কোড়া ও গোপী কোড়া স্থানীয় কোড়া পাড়ার বাসিন্দা।

------------------------

চেন্নাইয়ের এম এ চিদাম্বরম স্টেডিয়ামে আজ আইপিএল এর ফাইনালে কলকাতা নাইট রাইডার্স এবং সানরাইজার্স হায়দ্রাবাদ মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

------------------------ ------------------------